আজি   নির্ভয়নিদ্রিত ভুবনে জাগে, কে জাগে ?
ঘন     সৌরভমন্থর পবনে জাগে, কে জাগে ?।
কত     নীরব বিহঙ্গকুলায়ে
       মোহন অঙ্গুলি বুলায়ে— জাগে, কে জাগে ?
কত     অস্ফুট পুষ্পের গোপনে জাগে, কে জাগে ?
এই     অপার অম্বরপাথারে
       স্তম্ভিত গম্ভীর আঁধারে— জাগে, কে জাগে ?
মম     গভীর অন্তরবেদনে জাগে, কে জাগে ?।

---

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Behag

Visit www.geetabitan.com for notation and other detail